



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৪

১২ ডিসেম্বর ২০২৪

তারিখ: -----

২৭ অগ্রহায়ণ ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ব্যাংকে নিয়োগের ক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারীদের সর্বোচ্চ বয়সসীমা নির্ধারণ প্রসঙ্গে

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত ১৮ নভেম্বর ২০২৪ তারিখের অধ্যাদেশ নং ১১, ২০২৪ এর মাধ্যমে সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, পাবলিক নন-ফাইন্যান্সিয়াল কর্পোরেশনসহ স্ব-শাসিত সংস্থাসমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩০(ত্রিশ) বছরের পরিবর্তে ৩২(বত্রিশ) বছর নির্ধারণ করত অধ্যাদেশ জারি করা হয়।

- এক্ষণে উক্ত অধ্যাদেশের সাথে সামঞ্জস্য রেখে ব্যাংকে সরাসরি নিয়োগের ক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারীদের সর্বোচ্চ বয়সসীমা ৩০(ত্রিশ) বছরের পরিবর্তে ৩২(বত্রিশ) বছর নির্ধারণ করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।
- বিআরপিডি সার্কুলার নং-০৮, তারিখ: ২৩ জুন ২০১৩ এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা এতদ্বারা রহিত করা হলো। তবে উক্ত নির্দেশনার আলোকে ইতঃপূর্বে গৃহীত কার্যক্রম বৈধ হিসেবে গণ্য হবে।
- ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২